তারিখ 23 JUN 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৩

যুগান্তর

# বুয়েটে ভিসি, ঢাবিতে দুই প্রো-ভিসি নিয়োগ

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ভিসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে দু'জন প্রো-ভিসি নিয়োগ দেয়া হয়েছে। বুয়েটের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক সাইফুল ইসলাম চার বছরের জন্য এই বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগ পেয়েছেন। অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক আখতারুজ্জামানকে প্রো-ভিসি নিয়োগ দেয়া হয়েছে। একই সঙ্গে সদ্য মেয়াদ শেষ করা নাসরীন আহমাদকে দ্বিতীয়বারের মতো পুনর্নিয়োগ দেয়া হয়েছে।

বুধবার রাত সোয়া ১২টার দিকে নিয়োগের এ তথ্য নিশ্চিত করেছেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) মো. হেলালউদ্দিন। তিনি আরও জানান, এদিন আরও দুটি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এর একটি হবে নেত্রকোনায় যার নাম শেখ হাসিনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। অপরটি স্থাপিত হবে জামালপুরে। তবে তিনি এর নামটি নিশ্চিত করতে পারেননি।